

পরিকল্পনা, প্রশিক্ষণ ও যোগাযোগ উইং-এর কার্যক্রম ও অর্জন

ভূমিকাঃ

বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউটের ০৪ টি উইং এর মধ্যে পরিকল্পনা, প্রশিক্ষণ ও যোগাযোগ উইং একটি অন্যতম গুরুত্বপূর্ণ উইং যা বিজেআরআই-এর দৈনন্দিন গুরুত্বপূর্ণ দাপ্তরিক কার্যক্রমকে সুষ্ঠুভাবে সম্পন্ন করে বিজেআরআই-এর কাজের গতিশীলতা বজায় রাখে। ১৯৯৭ সালে পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়নকালে এ উইংটি পরিকল্পনা ও প্রশিক্ষণ বিভাগ নামে কার্যক্রম শুরু করে। ২০০১ সালে বিজেআরআই এর সাংগঠনিক কাঠামো পুনর্গঠনের সময় প্রকাশনা ও কম্পিউটার শাখাসহ মোট চারটি শাখার সমন্বয়ে পরিকল্পনা, প্রশিক্ষণ ও যোগাযোগ বিভাগ কার্যক্রম শুরু করে। পরবর্তীতে লাইব্রেরি শাখাকে পরিকল্পনা, প্রশিক্ষণ ও যোগাযোগ বিভাগ-এর অধীনে ন্যস্ত করা হয়। বর্তমানে পরিকল্পনা, প্রশিক্ষণ ও যোগাযোগ উইং-এর কার্যক্রম পরিকল্পনা, প্রশিক্ষণ, কম্পিউটার, প্রকাশনা এবং লাইব্রেরি শাখার সমন্বয়ে পরিচালিত হচ্ছে।

উইং-এর উদ্দেশ্যঃ

- ১) বিজেআরআই-এর উন্নয়ন প্রকল্প/কর্মসূচি প্রণয়ন ও প্রক্রিয়াকরণ, গবেষণা/উন্নয়ন কর্ম পরিকল্পনা সংক্রান্ত তথ্য সম্বলিত প্রতিবেদন প্রণয়ন পূর্বক কৃষি মন্ত্রণালয়সহ অন্যান্য সম্পর্কিত মন্ত্রণালয়ে প্রেরণ করা,
- ২) উচ্চ শিক্ষা সংক্রান্ত সকল কার্যক্রম পরিচালনা ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার মাধ্যমে দক্ষ জনবল তৈরি করা,
- ৩) তথ্য প্রযুক্তির প্রসার ও ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সরকারের গৃহীত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নে সহায়তা করা,
- ৪) বিজেআরআই-এর কার্যক্রম সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন এবং মনোগ্রাফ, বুলেটিন এবং অন্যান্য প্রকাশনা প্রকাশ ও প্রচার করা,
- ৫) পাটের কৃষি ও করিগরী গবেষণার জন্য প্রয়োজনীয় তথ্য, NARS-এর বিজ্ঞানী, ছাত্র, শিক্ষক, গবেষক, বিভিন্ন প্রতিষ্ঠান এবং উদ্যোক্তাগণের জন্য বিজেআরআই-এ লাইব্রেরিকে পাট ও সমজাতীয় আঁশ ফসলের গবেষণা সংক্রান্ত সকল কাজের একটি তথ্য ভান্ডার গড়ে তোলা।

উইং-এর কার্যক্রমঃ

- ১) বিজেআরআই-এর উন্নয়ন প্রকল্প/কর্মসূচি প্রণয়ন ও প্রক্রিয়াকরণ পূর্বক কৃষি মন্ত্রণালয়সহ অন্যান্য সম্পর্কিত মন্ত্রণালয়ে প্রেরণ
- ২) কৃষি মন্ত্রণালয় সহ বিভিন্ন মন্ত্রণালয়, জাতীয় সংসদ, প্রধানমন্ত্রীর কার্যালয় এবং বিএআরসি হতে চাহিত বিভিন্ন তথ্য সম্বলিত প্রতিবেদন সময়মত প্রণয়ন ও প্রেরণ
- ৩) উচ্চ শিক্ষা সংক্রান্ত সকল কার্যক্রম এবং অভ্যন্তরীণ ও বৈদেশিক প্রশিক্ষণসহ পাট গবেষণা ইনস্টিটিউট-এর বিভিন্ন আঞ্চলিক কেন্দ্র এবং উপকেন্দ্রে কৃষক প্রশিক্ষণ পরিচালনা করা।
- ৪) বিজেআরআই-এ তথ্য প্রযুক্তির প্রসার এবং ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সরকারের গৃহীত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নে সহায়তা প্রদান
- ৫) বিজেআরআই-এর গবেষণা কার্যক্রম, প্রযুক্তি উদ্ভাবন ও চলমান সরকারি অনুষ্ঠান সমূহের কার্যক্রমের তথ্য চিত্র সংগ্রহ এবং প্রকাশ-প্রচার করা।
- ৬) বিজ্ঞানী/কর্মকর্তাগণের চাহিদা মোতাবেক বই/সাময়িকী ইত্যাদি সংগ্রহ, প্রক্রিয়াকরণ, সংরক্ষণ ও তথ্য সেবা প্রদান।

পরিকল্পনা শাখা

ভূমিকাঃ

পরিকল্পনা, প্রশিক্ষণ ও যোগাযোগ উইং-এর একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ শাখা হলো পরিকল্পনা শাখা। এ শাখাটি বিজেআরআই-এর সাথে কৃষি মন্ত্রণালয় সহ বিভিন্ন মন্ত্রণালয়, জাতীয় সংসদ, প্রধানমন্ত্রীর কার্যালয়, বিএআরসি, বিএডিসি, ডিএই এবং অন্যান্য বহিঃ প্রতিষ্ঠানের সাথে সমন্বয়কারী হিসাবে কাজ করে থাকে। এ শাখাটি বিজেআরআই-এর দৈনন্দিন গুরুত্বপূর্ণ দাপ্তরিক কার্যক্রমের কেন্দ্রবিন্দু হিসাবে কাজ করে। তাই, পরিকল্পনা শাখার কাজের গতিশীলতার উপর বিজেআরআই-এর ভাবমূর্তি নির্ভর করে।

পরিকল্পনা শাখার উদ্দেশ্যঃ

বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউটকে একটি দক্ষ জনবল সমৃদ্ধ সফল গবেষণা প্রতিষ্ঠান হিসাবে গড়ে তোলার জন্য সকল গবেষণা উইং এবং মহাপদপ্তরের অধীনস্থ সকল শাখাকে কৃষি মন্ত্রণালয় সহ বিভিন্ন মন্ত্রণালয়, জাতীয় সংসদ, প্রধানমন্ত্রীর কার্যালয়, বিএআরসি, বিএডিসি, ডিএই এবং অন্যান্য বহিঃ প্রতিষ্ঠান/ সংস্থায় বিজেআরআই-এর তথ্য, উপাত্ত ও প্রতিবেদন প্রেরণের কাজে সার্বিক সহযোগিতা করা।

পরিকল্পনা শাখার দায়িত্ব

- ১। বিজেআরআই-এর উন্নয়ন প্রকল্প/কর্মসূচি প্রণয়ন ও মন্ত্রণালয়ে প্রেরণের জন্য প্রক্রিয়াকণ করা,
- ২। গবেষণা/উন্নয়ন কর্ম পরিকল্পনা সংক্রান্ত তথ্য সম্বলিত প্রতিবেদন প্রণয়ন পূর্বক কৃষি মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয় ও সংস্থায় প্রেরণ করা,
- ৩। কৃষি মন্ত্রণালয় সহ বিভিন্ন মন্ত্রণালয়, জাতীয় সংসদ, প্রধানমন্ত্রীর কার্যালয় এবং বিএআরসি হতে চাহিত বিভিন্ন তথ্য সম্বলিত প্রতিবেদন সময়মত প্রণয়ন ও প্রেরণ করা,
- ৪। কৃষি মন্ত্রণালয়সহ বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত বিভিন্ন বিষয় সংশ্লিষ্ট আইন, নীতিমালা, রিপোর্ট, বিধিমালা-এর খসড়া উপর মতামত সম্বলিত প্রতিবেদন প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করা,
- ৫। সরকার কর্তৃক প্রদত্ত যে কোনো অর্পিত দায়িত্ব পালন করা।

পরিকল্পনা শাখার সম্পাদিত কাজঃ

২০২০-২০২১ অর্থ বছরে সম্পাদিত কার্যাবলি

- (১) কৃষি মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক বিজেআরআই কর্তৃক বাস্তবায়নাধীন ০৩ (তিন)টি উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
- (২) একাদশ জাতীয় সংসদের ৯ম অধিবেশনে মাননীয় কৃষি মন্ত্রীর মৌখিক উত্তরদানের জন্য তারকাচিহ্নিত প্রশ্ন *৭২-এর জবাবসহ যাবতীয় তথ্য সম্বলিত প্রতিবেদন প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
- (৩) একাদশ জাতীয় সংসদের ১০ম অধিবেশনে মাননীয় প্রধানমন্ত্রীর মৌখিক উত্তরদানের জন্য ৮নং প্রশ্নের জবাব এবং উক্ত প্রশ্নের সাথে ৫ (পাঁচ)টি করে সম্পূরক প্রশ্ন ও সেগুলোর উত্তর সম্বলিত প্রতিবেদন প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
- (৪) একাদশ জাতীয় সংসদের ১১তম অধিবেশনে মাননীয় প্রধানমন্ত্রীর মৌখিক উত্তরদানের জন্য ৮নং প্রশ্নের জবাব এবং উক্ত প্রশ্নের সাথে ৫ (পাঁচ)টি করে সম্পূরক প্রশ্ন ও সেগুলোর উত্তর সম্বলিত প্রতিবেদন প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
- (৫) একাদশ জাতীয় সংসদের ১১তম অধিবেশনে মাননীয় প্রধানমন্ত্রীর মৌখিক উত্তরদানের জন্য ৬নং প্রশ্নের জবাব এবং উক্ত প্রশ্নের সাথে ৫ (পাঁচ)টি করে সম্পূরক প্রশ্ন ও সেগুলোর উত্তর সম্বলিত প্রতিবেদন প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
- (৬) একাদশ জাতীয় সংসদের ১১তম অধিবেশনে মাননীয় কৃষি মন্ত্রীর মৌখিক উত্তরদানের জন্য তারকাচিহ্নিত প্রশ্ন *৩৮৭ এবং তারকাবিহীন প্রশ্ন ২৮৮-এর জবাবসহ যাবতীয় তথ্য সম্বলিত প্রতিবেদন প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
- (৭) একাদশ জাতীয় সংসদের ১১তম অধিবেশনে মাননীয় কৃষি মন্ত্রীর মৌখিক উত্তরদানের জন্য তারকাচিহ্নিত প্রশ্ন *৩৯৩, *৪১০, *৪৩২ এবং তারকাবিহীন প্রশ্ন ২৯৬, ৩০০, ৩০২-এর জবাবসহ যাবতীয় তথ্য সম্বলিত প্রতিবেদন প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
- (৮) একাদশ জাতীয় সংসদের ১২তম অধিবেশনে মাননীয় প্রধানমন্ত্রীর মৌখিক উত্তরদানের জন্য ১৭নং প্রশ্নের জবাব এবং উক্ত প্রশ্নের সাথে ৫ (পাঁচ)টি করে সম্পূরক প্রশ্ন ও সেগুলোর উত্তর সম্বলিত প্রতিবেদন প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

- (৯) একাদশ জাতীয় সংসদের ১৩তম অধিবেশনে মাননীয় কৃষি মন্ত্রীর মৌখিক উত্তরদানের জন্য তারকাবিহীন প্রশ্ন ১৩৯-এর জবাবসহ যাবতীয় তথ্য সম্বলিত প্রতিবেদন প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
- (১০) “বাংলাদেশ GAP নীতিমালা-২০২০” এর খসড়ার উপর বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট-এর মতামত সম্বলিত প্রতিবেদন প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
- (১১) সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন কর্তৃক প্রণীত বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা প্রতিবেদন ২০২০-২০২১ প্রণয়নের লক্ষ্যে বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট সংশ্লিষ্ট হালনাগাদ তথ্য সম্বলিত প্রতিবেদন প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
- (১২) বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট-এর ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রস্তাব প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
- (১৩) কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ২০২০-২০২১ প্রণয়নের লক্ষ্যে বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট সংশ্লিষ্ট হালনাগাদ তথ্য ও ছবি সম্বলিত প্রতিবেদন প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
- (১৪) “নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে জাতীয় কর্মপরিকল্পনা সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে Monitoring and Evaluation Framework”-এর উপর মতামত সম্বলিত প্রতিবেদন প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
- (১৫) জীবপ্রযুক্তি বিষয়ক জাতীয় নির্বাহী কমিটি (NECB) এর ১৪তম সভার নির্দেশনার প্রেক্ষিতে মতামত সম্বলিত প্রতিবেদন প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
- (১৬) “Draft Sector Action Plan for Environment and Climate Change”-এর উপর মতামত সম্বলিত প্রতিবেদন প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
- (১৭) “Mujib Climate Prosperity Plan Decade 2030”-এর উপর মতামত সম্বলিত প্রতিবেদন প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
- (১৭) বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট আইন, ২০১৭-এর ইংরেজি ভার্সন প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

উল্লেখযোগ্য সাফল্যঃ

‘বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট আইন, ২০১৭’-এর ইংরেজি ভার্সন মহান জাতীয় সংসদে পাশ হয়েছে।

প্রশিক্ষণ শাখা

ভূমিকাঃ

পরিকল্পনা, প্রশিক্ষণ ও যোগাযোগ উইং-এর একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ শাখা হলো প্রশিক্ষণ শাখা। এ শাখাটি দেশে এবং দেশের বাহিরে উচ্চ শিক্ষা সংক্রান্ত সকল কার্যক্রম পরিচালনা এবং বিভিন্ন প্রতিষ্ঠানের চাহিদা অনুসারে প্রশিক্ষণ/সেমিনার/সিম্পোজিয়াম এবং ওয়ার্কশপে প্রশিক্ষণার্থীদের প্রেরণের ব্যবস্থা করে থাকে। প্রশিক্ষণ শাখা পাট গবেষণা ইনস্টিটিউট-এর বিভিন্ন আঞ্চলিক কেন্দ্র এবং উপকেন্দ্রে কৃষক প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা করে থাকে। তাই, প্রশিক্ষণ শাখার কাজের গতিশীলতার উপর বিজেআরআই-এর জনসম্পদ উন্নয়ন নির্ভর করে।

প্রশিক্ষণ শাখার লক্ষ্যঃ

উচ্চ শিক্ষা ও প্রশিক্ষণ সংক্রান্ত সকল কার্যক্রম পরিচালনার মাধ্যমে দক্ষ জনবল তৈরি করা

প্রশিক্ষণ শাখার কার্যক্রম

- ১। দেশে এবং দেশের বাহিরে বিভিন্ন প্রতিষ্ঠানের চাহিদা অনুসারে প্রশিক্ষণ/সেমিনার/সিম্পোজিয়াম এবং ওয়ার্কশপে প্রশিক্ষণার্থীদের প্রেরণের ব্যবস্থা করা।
- ২। বাৎসরিক প্রশিক্ষণ পঞ্জিকা প্রণয়ন এবং তদানুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা।
- ৩। অভ্যন্তরীণ সেমিনার, সিম্পোজিয়াম, ওয়ার্কশপ ও কনফারেন্সের আয়োজন করা।
- ৪। পাট গবেষণা ইনস্টিটিউট-এর বিভিন্ন আঞ্চলিক কেন্দ্র এবং উপকেন্দ্রে কৃষক প্রশিক্ষণ পরিচালনা করা।
- ৫। উচ্চ শিক্ষা সংক্রান্ত সকল কার্যক্রম পরিচালনা ও নিষ্পত্তি করা।
- ৬। সরকার কর্তৃক প্রদত্ত যে কোনো অর্পিত দায়িত্ব পালন।

মানব সম্পদ উন্নয়ন সংক্রান্ত তথ্য (২০২০-২০২১):

ছক-২: (ক) মানবসম্পদ উন্নয়ন (প্রশিক্ষণ)

ক্রঃনং	গ্রেডনং	প্রশিক্ষণ					মন্তব্য
		অভ্যন্তরীণ	বৈদেশিক	ইনহাউজ	অন্যান্য	মোট	
১	গ্রেড ১-৯	৪২জন	-	৪০১ জন	-	৪৪৩ জন	
২	গ্রেড ১০	-	-	৫৩জন	-	৫৩জন	
৩	গ্রেড ১১-২০	-	-	৫৭৩জন	-	৫৭৩জন	
	মোট	৪২জন	-	১০২৭ জন	-	১০৬৯ জন	

ছক-২: (খ) মানবসম্পদ উন্নয়ন (উচ্চশিক্ষা)

ক্রঃনং	গ্রেডনং	উচ্চশিক্ষা				মন্তব্য
		পিএইচডি	এম.এস	অন্যান্য	মোট	
১	গ্রেড ১-৯	২১জন	-	-	২১জন	৭ জন বৈদেশিক পিএইচডি (১ জন কাজে যোগদান করেছেন), ১৪ জন অভ্যন্তরীণ পিএইচডি এবং ৯ জন কাজে যোগদান করেন।
২	গ্রেড ১০	-	-	-	-	
৩	গ্রেড ১১-২০	-	-	-	-	
	মোট	২১জন	-	-	২১জন	

ছক-২: (গ) সেমিনার/ওয়ার্কশপ/এক্সপোজারভিজিট

ক্রঃনং	গ্রেডনং	উচ্চশিক্ষা				মন্তব্য
		সেমিনার	ওয়ার্কশপ	এক্সপোজারভিজিট	মোট	
১	গ্রেড ১-৯	৩২০ জন	৫৪০জন	-	৮৬০ জন	
২	গ্রেড ১০	-	-	-	-	
৩	গ্রেড ১১-২০	-	-	-	-	
	মোট	৩২০জন	৫৪০ জন	-	৮৬০ জন	

- ❖ দেশের অভ্যন্তরে বিভিন্ন সংস্থায় ২০টি প্রশিক্ষণ কর্মসূচি বিজেআরআই এর ৪২ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।
- ❖ বিজেআরআই ২০২০-২১ অর্থ বছরে ২৭টি ইন-হাউজ প্রশিক্ষণ আয়োজন করে যাতে ১০২৭ জন কর্মকর্তা-কর্মচারী অংশগ্রহণ করেন।
- ❖ ২০২০-২১ অর্থ বছরে কৃষি মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে ০৭ জন (১ জন যোগদান)বিজ্ঞানীর বৈদেশিক পিএইচডি প্রোগ্রাম চলমান আছে। এদের মধ্যে ০১ জন অস্ট্রেলিয়া, ০১ জন জাপান এবং ০৪ জন মালয়েশিয়ার বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে পিএইচডি কোর্সে অধ্যয়নরত আছেন।
- ❖ ২০২০-২১ অর্থ বছরে দেশের অভ্যন্তরে ১৪ জন বিজ্ঞানী বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে পিএইচডি'তে অধ্যয়নরত আছেন।
- ❖ দেশের অভ্যন্তরে ১০ টি সেমিনার/ওয়ার্কশপে ৮৬০ জন বিজ্ঞানী ও বিভিন্ন বিশ্ববিদ্যালয়/সংস্থার ব্যক্তিগণ অংশগ্রহণ করেন।

সম্পাদিত কাজের ছবিঃ সাম্প্রতিক কিছু তথ্যচিত্র নিয়ে প্রদান করা হলো-



পাট পণ্য উৎপাদনকর্মীদের প্রশিক্ষণ কার্যক্রম



প্রশিক্ষণ কার্যক্রমে উপস্থিত মহাপরিচালক, বিজেআরআই



বুনিয়াদী প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের বিজেআরআই পরিদর্শন



প্রশিক্ষণার্থী কর্তৃক প্রশিক্ষণের সার্টিফিকেট গ্রহণ

কম্পিউটার শাখা

ভূমিকাঃ

বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট-এ তথ্য প্রযুক্তির প্রসার, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সরকারের গৃহীত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নে সহায়তা করা।

মানব সম্পদ উন্নয়নঃ

ই-গভর্নেন্স বাস্তবায়নের লক্ষ্যে ই-ফাইল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য ২০২০-২১ অর্থ বছরে ০৫টি প্রশিক্ষণের (ইন-হাউজ) আয়োজন করা হয়।

উল্লেখযোগ্য কার্যক্রম (২০২০-২১)

৫৬ এমবিপিএস অপটিক্যাল ফাইবারের ইন্টারনেট লাইন স্থাপন এবং ১১০টি কম্পিউটারে/ওয়ার্ক স্টেশনে Server, Router স্থাপনপূর্বক LAN স্থাপন করা হয়েছে।

বিজেআরআই-এ কর্মকর্তা ও কর্মচারীদের বেতন-ভাতা ও সিপিএফ সংক্রান্ত সেবা সহজীকরণের লক্ষ্যে সিপিএফ ম্যানেজমেন্ট বিষয়ক ০১টি সফটওয়্যার প্রস্তুত এবং চালু করা হয়েছে।

বিজেআরআই-এর সমস্ত কর্মকর্তা ও কর্মচারীদের বেতন-ভাতাদি সংক্রান্ত সেবা সহজীকরণের লক্ষ্যে “কর্মকর্তা ও কর্মচারীদের বেতন-ভাতাদি ব্যাংক হিসাবের মাধ্যমে” প্রদানের বিষয়ে সেবা সহজীকরণ করা হয়েছে।

পাট জাতের তথ্যসমৃদ্ধ মোবাইল অ্যাপস প্রস্তুত করা হয়েছে যা Google Play থেকে ডাউনলোড করা যায়। www.bjri.gov.bd -এ বর্ণিত অ্যাপসটির লিংক দেয়া আছে।

পাট পণ্যের তথ্যসমৃদ্ধ মোবাইল অ্যাপস প্রস্তুত করা হয়েছে যা Google Play থেকে ডাউনলোড করা যায়। www.bjri.gov.bd -এ বর্ণিত অ্যাপসটির লিংক দেয়া আছে।

পাট জাত এবং প্রযুক্তি বিষয়ক “জুট নলেজ ব্যাংক” শীর্ষক ওয়েব পোর্টাল প্রস্তুত করা হয়েছে।

জুট টেক্সটাইল-এর তথ্যসমৃদ্ধ মোবাইল অ্যাপস প্রস্তুত করা হয়েছে যা Google Play থেকে ডাউনলোড করা যায়। www.bjri.gov.bd -এ বর্ণিত অ্যাপসটির লিংক দেয়া আছে।

বিজেআরআই-এ Group Facebook এর মাধ্যমে Social Network কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

Help Desk স্থাপন করা হয়েছে। এতে সেবা প্রত্যাশিতদের সেবা প্রাপ্তি সহজতর হয়েছে।

বিজেআরআই এর নিজস্ব ওয়েবসাইট www.bjri.gov.bd নিয়মিত হালনাগাদকরণ করা হচ্ছে। বিজেআরআই এর কর্মকর্তাদের নিজস্ব ডোমেইন আইডি/ই-মেইল একাউন্ট প্রণয়ন করা হয়েছে।

অত্যাধুনিক ১০টি কম্পিউটার সমৃদ্ধ একটি পূর্ণাঙ্গ কম্পিউটার ট্রেনিং ল্যাব স্থাপন করা হয়েছে।

ই-ফাইলিং কার্যক্রম শুরু করা হয়েছে। এ পর্যন্ত ৯০% ফাইলের কার্যক্রম ই-ফাইলিং এর মাধ্যমে নিষ্পন্ন করা হচ্ছে।

e-GP-র মাধ্যমে দরপত্র আহবান ও নিষ্পন্ন করা হচ্ছে। সমস্ত OTM টেন্ডার e-GP-র মাধ্যমে নিষ্পন্ন করা হচ্ছে।

বিজ্ঞানী/কর্মকর্তা/কর্মচারীদের জন্য ফিঞ্জার প্রিন্টসহ অনলাইনভিত্তিক ডিজিটাল হাজিরা পদ্ধতি স্থাপন ও চালু করা হয়েছে। বিজেআরআই-এ নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণের লক্ষ্যে ৬৪টি ক্যামেরা সমৃদ্ধ সিসিটিভি ব্যবস্থা স্থাপনকরতঃ ৪২টি ক্যামেরা চালু করা হয়েছে।

উল্লেখযোগ্য সাফল্যঃ

জনগণের নিকট বিজেআরআই-এর সেবা সহজীকরণের লক্ষ্যে (ক) “জুট নলেজ ব্যাংক” পোর্টাল (খ) পাট জাতের মোবাইল এ্যাপস (গ) পাট পণ্যের মোবাইল এ্যাপস (ঘ) জুট টেক্সটাইল পণ্যের মোবাইল এ্যাপস প্রস্তুত করা হয়েছে। ই-ফাইলিং এবং ই-জিপি কার্যক্রম জোরদারকরণ করা হয়েছে। তাছাড়া কর্মকর্তা ও কর্মচারীদের বেতন-ভাতা ও সিপিএফ সংক্রান্ত সেবা প্রদানের লক্ষ্যে সিপিএফ ম্যানেজমেন্ট বিষয়ক সফটওয়্যার প্রণয়ন ও স্থাপন করা হয়েছে।

সম্পাদিত কাজের ছবিঃ



চিত্রঃ কম্পিউটার শাখার কার্যক্রমের খন্ড চিত্র

প্রকাশনা শাখা

ভূমিকাঃ

বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট-এর গবেষণা কার্যক্রম, প্রযুক্তি উদ্ভাবন ও চলমান সরকারি অনুষ্ঠান সমূহের কার্যক্রমের তথ্য চিত্র সংগ্রহ এবং প্রকাশ-প্রচার করা। কৃষি মন্ত্রণালয় এবং বিজেআরআই এর বিভিন্ন বিভাগের রিপোর্ট প্রণয়নে প্রয়োজনীয় তথ্যচিত্র সরবরাহ করা। স্টেক হোল্ডারদের সেবা প্রদান করা। বিজেআরআই'কে প্রচার ও প্রসারের মাধ্যমে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সরকারের গৃহীত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নে সহায়তা করা।

উল্লেখযোগ্য কার্যক্রমঃ

- ১। মুজিববর্ষ উপলক্ষ্যে বিজেআরআই ডেক্সক্যালেন্ডার ২০২০ মূদ্রণ ও প্রকাশ এবং বিতরণ।
- ২। কারিগরী উইং এর তিনটি নিয়মিত প্রকাশনা মূদ্রণ এর ব্যবস্থা গ্রহণ।
- ৩। Jute, Kenaf and Mesta Crops Research Review- তথ্য বহুল পুস্তিকা প্রকাশ।
- ৪। নয়টি নতুন প্রযুক্তির লিফলেট প্রকাশ এর ব্যবস্থা গ্রহণ।
- ৫। জাতীয় শুদ্ধাচার সম্পর্কিত স্লোগান পোস্টার (মুজিব বর্ষ স্পেশাল) প্রকাশ করা।
- ৬। আটটি লিফলেট (চলমান প্রযুক্তির) মূদ্রণ ও প্রকাশ করা।
- ৭। সকল জাতীয় দিবসের তথ্যচিত্র সংগ্রহ ও প্রয়োজনীয় প্রেসরিজ করা।
- ৮। বিজেআরআই এর সকল চলমান কর্মকান্ডের (প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ, সভা, সিম্পোজিয়াম) ইত্যাদির তথ্যচিত্র সংগ্রহ ও বিজেআরআই ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণ করা।
- ৯। বিজেআরআই বিজ্ঞানী/কর্মকর্তাগণের হালনাগাদ তথ্য (যোগাযোগ) কৃষি মন্ত্রণালয় অধিন কৃষি তথ্য সার্ভিস ও অন্যান্য সংস্থায় প্রেরণ।
- ১০। জাতীয় পত্রিকা সমূহে পাট, কেনাফ ও মেস্তার আধুনিক চাষাবাদ, পরিচর্যা, জাক দেওয়ার আধুনি প্রযুক্তি সমূহ ও আঁশ সংরক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রচারের ব্যবস্থা করা।
- ১১। বিজেআরআই এর নিউজ লেটার প্রকাশ করা।
- ১২। বিজেআরআই এর লিফলেট, পুস্তিকা, পোস্টার ইত্যাদি কৃষি সংশ্লিষ্ট বিভিন্ন জনপ্রতিনিধি, কৃষক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তা, এনজিও প্রতিনিধি-এর নিকট বিতরণ করা।

অন্যান্য বিশেষ অর্জনঃ

কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত ভিডিও ক্লিপ/প্রকাশনা সংগ্রহ এবং বিজেআরআই-এ প্রচার করা।

বিজেআরআই কর্তৃক ২০২০-২১ অর্থ সালে মুদ্রণকৃত প্রকাশনাসমূহের তালিকাঃ

ক্রঃ নং	বিষয়	পরিমাণ (কপি)
১।	মুজিববর্ষ উপলক্ষ্যে বিজেআরআই ডেক্সক্যালেন্ডার ২০২০ মুদ্রণ	৭০০
২।	বিজেআরআই তোষা পাটঃ ৮ (রবি-১)	৩০০০
৩।	জাতীয় শুদ্ধাচার সম্পর্কিত শ্লোগান পোস্টার (মুজিববর্ষ)	৫০০
৪।	বিজেআরআই দেশী পাট শাক-২	৩০০০
৫।	বিজেআরআই দেশী পাট শাক-৩	৩০০০
৬।	পাট কাটার যন্ত্র	৪০০০
৭।	শীতকালিণ শাক-সজির সাথে পাট বীজ উৎপাদন প্রযুক্তি	৩০০০
৮।	বিজেআরআই দেশী পাট-৮ এর বীজ উৎপাদন প্রযুক্তি	৪০০০
৯।	পাটের ঘোড়া পোকাকার আক্রমণ এবং সমন্বিত দমন ব্যবস্থাপনা	৫০০০
১০।	নারী পাট বীজ উৎপাদনে সার প্রয়োগের পরিমাণ ও প্রয়োগ পদ্ধতি	৩০০০
১১।	পাটের কালচে আঁশকে সোনালী আঁশে রূপান্তরের প্রযুক্তি	৩০০০
১২।	পাট ভিত্তিক চার ফসলী শস্য ধারা আলু-পাট শাক-পাট-রোপা আমন	৪০০০
১৩।	বিজেআরআই দেশী পাট-৮ এর বীজ উপাদন প্রযুক্তি	৪০০০
১৪।	ছাত্রা পোকাকার আক্রমণ এবং সমন্বিত দমন ব্যবস্থাপনা	৩০০০
১৫।	মেহগনি বীজের নির্যাস দিয়ে পাটের হলুদ মাকড় দমন	৫০০০
১৬।	পাটশাক (উপাদেয় সজী ও গুঁষধী)	৩০০০
১৭।	শীতকালিণ শাক-সজির সাথে পাট বীজ উৎপাদন প্রযুক্তি	৩০০০
১৮।	পাট ক্ষেতের আগাছা ও দমন ব্যবস্থাপনা	৩০০০
১৯।	নিম বীজের নির্যাস দিয়ে পাটের হলুদ মাকড় দমন	৫০০০
২০।	বিজেআরআই দেশীপাট ১০ (সি-১২২২১)	৩০০০
২১।	নিড়ানী ছাড়া পাট চাষ পদ্ধতি	৩০০০
২২।	বিজেআরআই তোষা পাট-৮ (রবি-১)	২৫০০০
২৩।	জুট-ব্যানানা ব্লেণ্ড সূতা	৪০০০
২৪।	সাড়ে সাত কাউন্টের পাটের সূতায় ফার্নিশিং ফেব্রিক	৪০০০
২৫।	পাট-তুলা-আনারস আঁশ মিশ্রিত সূতা উৎপাদন প্রযুক্তি	৩০০০
২৬।	পরিবেশ বান্ধব পাট উল	৪০০০
২৭।	Production & development of jute, cotton and silk blended yarn through cotton spinning system	৪০০০
২৮।	পাট ও সমগোত্রীয় আঁশ ফসলের উৎপাদন কলাকৌশল বিষয়ক প্রশিক্ষণ সহায়িকা	২০০০
২৯।	পাট ও পাট জাতীয় ফসলের আঁশ ও বীজ চাষে বছর ব্যাপী মাঠে করণীয়	২০০০
৩০।	পাট, কেনাফ, মেস্তা ফসলের বীজ উৎপাদন ও সংরক্ষণ কলাকৌশল বিষয়ক	২০০০
৩১।	বিজেআরআই-এর বিভিন্ন উইং-এর উদ্দেশ্যাবলী	৩০০০
৩২।	বার্ষিক প্রতিবেদন ২০১৯-২০২০	১০০০
৩৩।	Annual Research Programme (Agriculture Research 2020)	৫০০
৩৪।	Annual Research Programme (Technology Research 2020)	৫০০
৩৫।	Annual Research Programme (Jute Textile Research 2020)	৫০০
৩৬।	Annual Research Highlight (Agriculture Research 2019)	৫০০
৩৭।	Annual Research Highlight (Technology Research 2019)	৫০০
৩৮।	Annual Research Highlight (Jute Textile Research 2019)	৫০০

সম্পাদিত কাজের ছবি নিম্নরূপঃ



বিজয় দিবস ২০২০ উদযাপন অনুষ্ঠানে বিজেআরআই-এর কর্মকর্তাবৃন্দ



মুজিববর্ষ উপলক্ষ্যে বৃক্ষরোপন কর্মসূচি ২০২০ বাস্তবায়ন



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১তম জন্মবার্ষিকী উদযাপন



বিজেআরআই-এ মহান মাতৃভাষা দিবস উদযাপন



সিনিয়র সচিব মহোদয়ের জুট-টেক্সটাইল ডিসপ্লে সেন্টার পরিদর্শন

লাইব্রেরি শাখা

ভূমিকাঃ

বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই) ১৯৫১ সালে প্রাতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠাকাল থেকে বিজেআরআই লাইব্রেরি প্রতিষ্ঠানের লক্ষ্য ও উদ্দেশ্য-কে সফলভাবে অর্জনের জন্য প্রতিষ্ঠানের গবেষকগণকে তথ্যসেবা প্রদান করে যাচ্ছে। পাটের কৃষি ও করিগরী গবেষণার জন্য প্রয়োজনীয় তথ্য, NARS- এর বিজ্ঞানী, ছাত্র, শিক্ষক, গবেষক, বিভিন্ন প্রতিষ্ঠান, উদ্যোক্তাগণের জন্য বিজেআরআই লাইব্রেরি পাট ও সমজাতীয় ঝাঁশ ফসলের গবেষণা সংক্রান্ত সকল কাজের একটি তথ্য ভান্ডার। লাইব্রেরিতে ৮,৫৯৯ টি বিভিন্ন বিষয়ের বই, এম এস এবং পিএইচডি থিসিস ১০০ টি, বিভিন্ন প্রকার জার্নাল, রিপোর্ট, নিউজলেটার, বিভিন্ন প্রকার প্রকাশনা সংখ্যা ৭,৫০০ টি। নিউজ ক্লিপিং এর জন্য ০৯ টি দৈনিক জাতীয় পত্রিকা এবং মাসিক পত্রিকা রাখা হয়। শীতাতপ নিয়ন্ত্রিত-এ লাইব্রেরিতে গবেষকগণের জন্য ইন্টারনেট সুবিধা, ফটোকপি সুবিধা বিদ্যমান।

ভিশনঃ প্রতিষ্ঠানের বিজ্ঞানীদের প্রয়োজনীয় তথ্য সেবা প্রদান।

মিশনঃ বিজ্ঞানী/গবেষকগণের চাহিদা মোতাবেক বই/সাময়িকী ইত্যাদি সংগ্রহ, প্রক্রিয়াকরণ, সংরক্ষণ ও তথ্য সেবা প্রদান।

বিজেআরআই লাইব্রেরির গত বছরের (২০২০-২০২১) সম্পাদিত কার্যক্রমঃ

- বই/ সাময়িকী ক্রয় করা হয়েছে- ৭৫ টি (গবেষণামূলক বই- ৩১টি, জীবনী/মুক্তিযুদ্ধ- ১৭৮টি, জার্নাল- ০৫টি)।
- ২৪৬ জন গবেষক/কর্মকর্তা/কর্মচারী-কে তথ্যসেবা প্রদান।
- ৯টি জাতীয় দৈনিক পত্রিকায় পাট ও পাটজাত পণ্যের উপর প্রকাশিত ১১২টি নিউজ ক্লিপিং করা হয়েছে।
- ৯টি জাতীয় দৈনিক পত্রিকায় পাট ও পাটজাত পণ্যের উপর প্রকাশিত বিভিন্ন নিউজ সংগ্রহ করে মহাপরিচালক, পরিচালক (কারিগরী/কৃষি/জেটিপিডিসি/পিটিসি/প্রশাসন ও অর্থ) বিভিন্ন বিভাগের সিএসও, পিএসও মহোদয়গণকে ই-মেইল এর মাধ্যমে নিয়মিত অবহিত করণ।
- ১০৭ জন গবেষক/কর্মকর্তা-কে চাহিদা মোতাবেক ফটোকপি সার্ভিস প্রদান।
- পাঠকগণের পানি পানের সুবিধার জন্য লাইব্রেরি শাখায় ১টি পানির ফিল্টার স্থাপন।
- বিভিন্ন প্রকার ১৩৮ কপি বই/সাময়িকী বাঁধাই করা হয়েছে।
- বিজেআরআই এর লাইব্রেরি শাখায় "বঙ্গবন্ধু কর্ণার" স্থাপন করা হয়েছে। উক্ত কর্ণারে বঙ্গবন্ধুর জীবন ও আদর্শের উপর লিখিত বিভিন্ন লেখক/প্রকাশনীর- ১৭৮টি বই সংরক্ষণ করা হয়েছে।

লাইব্রেরি ভবনে বঙ্গবন্ধু কর্ণার উদ্বোধন

বিজেআরআই-এ প্রথম বারের মত গত ১২-১১-২০২০ তারিখে বঙ্গবন্ধু কর্ণার উদ্বোধন করা হয়। উক্ত অনুষ্ঠানে বিজেআরআই-এর মাননীয় মহাপরিচালক ড. আ. শ. ম. আনোয়ারুল হক, পরিচালক (কারিগরী/কৃষি/ জেটিপিডিসি/পিটিসি/প্রশাসন ও অর্থ) এবং বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানসহ পিটিসি উইং এর সকল স্তরের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। উদ্বোধনী অনুষ্ঠানে বিজেআরআই-এর মাননীয় মহাপরিচালক ড. আ. শ. ম. আনোয়ারুল হক বঙ্গবন্ধু কর্ণারের তাৎপর্য তুলে ধরে বক্তব্য প্রদান করেন।

সম্পাদিত কাজের ছবিঃ



বিজেআরআই-এর গ্রন্থাগারে বঙ্গবন্ধু কর্ণার স্থাপনের উদ্বোধনী অনুষ্ঠান



বঙ্গবন্ধু কর্ণার-এ অধ্যয়নরত পাঠকবৃন্দ

চিত্রঃ লাইব্রেরি শাখার কার্যক্রমের খন্ড চিত্র